



বিজ্ঞপ্তি নং- ১৫/২০১৮

তারিখ: ২৬-১২-২০১৮

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগে নিম্নবর্ণিত পদসমূহ পূরণের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

**পদের নাম :** সহকারী অধ্যাপক/ প্রভাষক = ০৬ (ছয়) টি স্থায়ী পদ।

**বেতনক্রম :** সহকারী অধ্যাপক পদে টা: ৩৫,৫০০-৬৭,০১০/-  
প্রভাষক পদে টা: ২২,০০০-৫৩,০৬০/-

প্রচলিত ভাতাদি, ৮ম জাতীয় বেতনস্কেল ২০১৫ অনুযায়ী।

দরখাস্তের নির্ধারিত ফরম রাজশাহী বিশ্ববিদ্যালয় Website- এর Recruitment Link-এ পাওয়া যাবে।

৯(নয়) কপি আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে প্রত্যেক আবেদনপত্রের সাথে পরীক্ষাসমূহের সার্টিফিকেটের সত্যায়িত কপি এবং সেই সাথে রেজিস্ট্রারের অনুকূলে ১০০০/- (এক হাজার) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) সংযুক্ত করে আগামী ২০-০১-২০১৯ তারিখ অথবা তৎপূর্বে নিম্নস্বাক্ষরকারীর অফিসে বিকাল ৫:০০ টার মধ্যে পৌঁছাতে হবে। কর্মরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। অসম্পূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

উল্লেখ্য যে, মুক্তিযোদ্ধা এবং শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে সরকারি নিয়ম অনুসৃত হবে।

০৭-১২-২০১৬ তারিখের বিজ্ঞপ্তি নং- ১৫/২০১৬ মোতাবেক যারা ইতিপূর্বে আবেদন করেছেন তাঁদের আবেদন বহাল থাকবে।

স্বাঃ/-

(প্রফেসর এম.এ. বারী)

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

রাজশাহী বিশ্ববিদ্যালয়

**শিক্ষাগত যোগ্যতা (প্রভাষক পদের জন্য)**

- ক) স্নাতন পদ্ধতিতে এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় যে-কোন একটিতে প্রথম বিভাগ এবং অন্যটিতে কমপক্ষে দ্বিতীয় বিভাগ থাকতে হবে।  
খ) গ্রেডিং পদ্ধতিতে এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় জিপি (গ্রেড পয়েন্ট) ৫.০০ স্কেলে যে-কোন একটিতে ন্যূনতম জিপিএ/সিজিপিএ - ৩.৫০ এবং অন্যটিতে জিপিএ/সিজিপিএ ৪.৫০ থাকতে হবে।
- আবেদনকারীর স্নাতক (সম্মান) ডিগ্রীসহ স্নাতকোত্তর ডিগ্রী থাকতে হবে।  
ক) স্নাতন পদ্ধতিতে স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর পরীক্ষায় যে-কোন একটিতে প্রথম শ্রেণী এবং অন্যটিতে কমপক্ষে দ্বিতীয় শ্রেণী থাকতে হবে।  
খ) গ্রেডিং পদ্ধতিতে স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর পরীক্ষায় জিপি (গ্রেড পয়েন্ট) ৪.০০ স্কেলে যে-কোন একটিতে ন্যূনতম ৩.২৫ এবং অন্যটিতে ৩.৫০ থাকতে হবে।

**বিঃদ্রঃ-** স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর পরীক্ষায় জিপি (গ্রেড পয়েন্ট) ৪.০০ স্কেলের অধিক হলে অতিরিক্ত প্রতি স্কেলের জন্য ৪.০০ স্কেলে প্রাপ্ত জিপিএ/সিজিপিএ এর সাথে ০.৫০ যোগ করে যোগ্যতা নির্ধারিত হবে।

- ১নং ও ২নং ধারায় উল্লেখিত যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের এমফিল বা পিএইচডি ডিগ্রী থাকলে তারা অগ্রাধিকার পেতে পারেন। তবে ১ ও ২ নং ধারায় বর্ণিত শর্তসমূহ কোনক্রমেই শিথিলযোগ্য হবে না। অনলাইনে বা দূরশিক্ষণের মাধ্যমে প্রাপ্ত এম.ফিল বা পিএইচ.ডি বা অন্য কোন ডিগ্রী গ্রহণযোগ্য হবে না।

**শিক্ষাগত যোগ্যতা (সহকারী অধ্যাপক পদের জন্য)**

- ক) স্নাতন পদ্ধতিতে এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় যে-কোন একটিতে প্রথম বিভাগ এবং অন্যটিতে কমপক্ষে দ্বিতীয় বিভাগ থাকতে হবে।  
খ) গ্রেডিং পদ্ধতিতে এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় জিপি (গ্রেড পয়েন্ট) ৫.০০ স্কেলে যে-কোন একটিতে ন্যূনতম ৩.৫০ এবং অন্যটিতে ৪.৫০ থাকতে হবে।
- আবেদনকারীর স্নাতক (সম্মান) ডিগ্রীসহ স্নাতকোত্তর ডিগ্রী থাকতে হবে।  
ক) স্নাতন পদ্ধতিতে স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর পরীক্ষায় যে-কোন একটিতে প্রথম শ্রেণী এবং অন্যটিতে কমপক্ষে দ্বিতীয় শ্রেণী থাকতে হবে।  
খ) গ্রেডিং পদ্ধতিতে স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর উভয় পরীক্ষায় প্রত্যেকটিতে জিপি (গ্রেড পয়েন্ট) ৪.০০ স্কেলে যে কোন একটিতে ন্যূনতম ৩.২৫ এবং অন্যটিতে ৩.৫০ থাকতে হবে।

**বিঃদ্রঃ-** স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর পরীক্ষায় জিপি (গ্রেড পয়েন্ট) ৪.০০ স্কেলের অধিক হলে অতিরিক্ত প্রতি স্কেলের জন্য ৪.০০ স্কেলে প্রাপ্ত জিপিএ/সিজিপিএ এর সাথে ০.৫০ যোগ করে যোগ্যতা নির্ধারিত হবে।

- কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ গবেষণা প্রতিষ্ঠানে ০৩ (তিন) বছরের শিক্ষকতা / গবেষণা অভিজ্ঞতাসহ সংশ্লিষ্ট বিষয়ে Peer-Review জার্নালে কমপক্ষে দু'টি প্রকাশিত প্রবন্ধ থাকতে হবে।

**অথবা**

স্বীকৃত ইউরোপীয় / উত্তর আমেরিকান / নিউজিল্যান্ড / অস্ট্রেলীয় বিশ্ববিদ্যালয় / গবেষণা প্রতিষ্ঠান থেকে পিএইচ.ডি বা সমতুল্য ডিগ্রী / মাস্টার্স/ এমলিট / এমফিল ডিগ্রী থাকলে তিনি সরাসরি সহকারী অধ্যাপক / সমমান পদে নিয়োগের জন্য আবেদন করতে পারবেন।